



চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ৫ জানুয়ারি ২০১৮খ্রি.

আগ্রাবাদ সিঙ্গাপুর ব্যাংকক মার্কেট এ ফ্রি চিকিৎসা ক্যাম্প উদ্বোধন করলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রতিষ্ঠিত সিঙ্গাপুর ব্যাংকক মার্কেট এর ব্যবসায় সমিতি, আগ্রাবাদ রোটারী ক্লাব অব চিটাগং রোজ ভ্যালির সহযোগিতায় ৫ জানুয়ারি ২০১৮ খ্রি. শুক্রবার, সকাল থেকে বিকেল ৪ টা পর্যন্ত ফ্রি চিকিৎসা ক্যাম্প পরিচালিত হয়। গাইনী, চর্ম, হার্ট, ডায়বেটিস, চক্ষু, মেডিসিন সহ ৯টি বুথে ৯ জন এমবিবিএস ডাক্তার প্রায় ৬ শত রোগিকে চিকিৎসা ও ঔষধ পত্র দেয়া হয়। সকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন ফ্রি চিকিৎসা ক্যাম্পের শুভ উদ্বোধন শেষে বুথে বুথে চিকিৎসক ও রোগীদের সাথে সাক্ষাৎ করে চিকিৎসা সেবা সংক্রান্ত বিষয়ে খোজ খবর নেন। এ সময় মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, স্বাস্থ্য সেবা প্রাপ্তি প্রত্যেক নাগরিকের মৌলিক অধিকার। সরকারের পাশাপাশি সকলে এগিয়ে এলে প্রান্তিক ও অবহেলিত জনগোষ্ঠি চিকিৎসা পাবে এবং নিরোগ জীবন যাপনে সহায়ক হবে। মেয়র বিত্তবান সহ নানা শ্রেনী ও পেশার সক্ষমদের গরীব মানুষের পাশে দাড়ানোর আহবান জানান। এসময় বিশিষ্ট ব্যবসায়ী আলতাফ হোসেন চৌধুরী বাবু, কাউন্সিলর এইচ এম সোহেল, ছালেহ আহমদ চৌধুরী, আবুল হাসেম এবং সিঙ্গাপুর ব্যাংকক মার্কেট ব্যবসায়ী সমিতির সভাপতি আহম্মদ হোছাইন, সাধারণ সম্পাদক মো. ইব্রাহিম ভূইয়া সহ ব্যবসায়ী, রোটারী ক্লাব অব আগ্রাবাদ ও লায়ন্সক্লাব চিটাগাং রোজভ্যালীর দায়িত্বশীল ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা